১৫ মাস কারাভোগ শেষে নিজ দেশে ফিরলেন ভারতীয় নাগরিক

বাংলাদোশে অবৈধ অনুপ্রবেশের দায়ে কারাভোগ শেষে দর্শনা সীমান্ত দিয়ে নিজ দেশ ভারতে ফিরলেন ভারতীয় নাগরিক।

অবৈধ অনুপ্রবেশকারী ভারতের নদীয়া জেলার চাপড়া থানার ব্রক্ষমনগর গ্রামের সাত্তার শেখের ছেলে নাসির শেখ(৪৫)।

আজ শনিবার বেলা সাড়ে ১১টায় দর্শনা আন্তর্জাতিক চেকপোস্টে বাংলাদেশের বিজিবি -ভারতের বিএসএফ পতাকা বৈঠকের মাধ্যমে তাকে তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

জানাগেছে, ভারতীয় নাগরিক বাংলাদেশের মেহেরপুর জেলার আনন্দবাস গ্রামের মাঠ থেকে গতবছরের ৭ফ্রেব্রুয়ারি অবৈধ অনুপ্রবেশের দায়ে বাংলাদেশ বর্ডারগার্ড ৬ ব্যাটালিয়নের সদস্যরা তাকে আটক করে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং-৫। এরপর আদালত তাকে দুইমাসের কারাদণ্ড প্রদান করে। দুইমাসের কারাভোগ আর ১বছর আগে শেষ হলেও দুদেশের কাগজপত্র তৈরীর কারণে তাকে আরো ১৩ মাস মেহেরপুর জেলা কারাগারে বন্দি থাকেন। ১৫ মাসের কারাভোগ শেষে তাকে গতকাল শনিবার দর্শনা চেকপোস্ট দিয়ে তার ভাই সিরাজ শেখ ও তার গ্রামের মেম্বার সফি উদ্দিন শেখের কাছে হস্তান্তর করা হয়।

এসময় বাংলাদেশ ও ভারত উভয় দেশের প্রতিনিধি দলের সমন্বয়ে বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন দর্শনা চেকপোস্টের ইমিগ্রেশন ইনচার্জ এসআই মোঃ আবু নাঈম, দর্শনা থানার এস আই টিপু সুলতান, বিজিবির দর্শনা আইসিপি ক্যাম্প কমান্ডার নায়েব সুবেদার আব্দুল জলিল, মানবাধিকার কর্মী মোঃ জাহাঙ্গীর আলম এবং ভারতের পক্ষে উপস্থিত ছিলেন কৃষ্ণগঞ্জ থানার সাব ইন্সপেক্টর উত্তম কুমার সরকার, গেদে বিএসএফ ক্যাম্প কমান্ডার শ্রী নাগেন্দ্র পাল, গেদে ইমিগ্রেশন ইনচার্জ গোপাল চন্দ্র দে,গেদে কাস্টমস অজয় নারায়ন রায়,ডিআইবি কৃষ্ণগঞ্জ থানা এস আই বাসুদেব ঘোষ,মানবাধিকার কর্মী চিত্তরঞ্জন পাল প্রমুখ।